

বিস্মিল্লাহির রহমানির রাহিম

সম্মানিত পৌরবাসী, সরকারী বে-সরকারী কর্মকর্তা, সাংবাদিক, কাউন্সিলর এবং উপস্থিত সুধীবৃন্দ,
অসসলানু আলাইকুম,

আজকের এই গৌরবোজ্জল দিনে আমি প্রথমেই স্মরণ করছি পরম করুণাময় সৃষ্টিকর্তাকে এবং স্মরণ করছি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে বর্তমানে উন্নয়নের সাথে তাল মিলিয়ে, আমি পিরোজপুর পৌরসভার ২০২৩-২০২৪ইং অর্থ বছরের প্রস্তাবিত ৭৯,৫৯,৭৯,০০০/- (উনআশি কোটি উনষাট লক্ষ উনআশি হাজার) টাকা মাত্র এর একটি সুখম বাজেট পেশ করছি। পৌর এলাকার সার্বিক উন্নয়ণ ও পৌরবাসীর কল্যাণের দিকে লক্ষ্য রেখে কোন নতুন কর আরোপ না করে এই প্রস্তাবিত বাজেট তৈরী করা হয়েছে। তবে সম্মানিত পৌরবাসী কর্তৃক নিয়মিত পৌরকর ও পানির বিল পরিশোধের উপর প্রস্তাবিত বাজেট তথা পৌর এলাকার উন্নয়ন নির্ভরশীল তাই সম্মানিত পৌরবাসীগণকে তাদের নিকট পাওনা পৌরকর ও পানির বিল নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করে এলাকার সার্বিক উন্নয়নের জন্য পৌরবাসীর সর্বাত্মক সহযোগীতা কামনা করছি। প্রস্তাবিত বাজেটে সর্বমোট আয় ধার্য করা হয়েছে ৭২,৭৮,৭৯,০০০/- (বাহাত্তর কোটি আটাত্তর লক্ষ উনআশি হাজার) টাকা মাত্র উল্লেখিত আয়ের মধ্যে গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো প্রকল্পে ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা মাত্র। উপকূলীয় শহর অবকাঠামো উন্নয়ন প্রকল্পে ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা মাত্র। জলবায়ু ট্রাস্ট ফান্ডে ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা মাত্র। বি.এম.ডি.এফ ফান্ডে ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা মাত্র। ইউ জি আই আই পি (UGIIP) ফান্ডে ৭,৫০,০০,০০০/- (সাত কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মাত্র। কোভিড-১৯ প্রজেক্ট (এল জিসি আর আর পি) ২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মাত্র এবং উন্নয়ন অনুদান ৮,০০,০০,০০০/- (আট কোটি) টাকা মাত্র। প্রারম্ভিক স্থিতি ১,৮১,০০,০০০/- (এক কোটি একাশি লক্ষ) টাকা মাত্র। উল্লেখিত আয় হতে উন্নয়ন ব্যয় দেখানো হয়েছে ৫৪,৯৩,৪২,০০০/- (চুয়ান্ন কোটি তিরানব্বই লক্ষ বিয়াল্লিশ হাজার) টাকা মাত্র, এবং সংস্থাপনসহ অন্যান্য খাতে ব্যয় দেখানো হয়েছে ২২,৮২,৬২,০০০/- (বাইশ কোটি বিরাশি লক্ষ বাষটি হাজার) টাকা মাত্র। প্রস্তাবিত বাজেটের সমাপনী স্থিতি ১,৮৩,৭৫,০০০/- (এক কোটি তিরাশি লক্ষ পঁচাত্তর হাজার) টাকা মাত্র। ২০২২-২০২৩ ইং অর্থ বছরের প্রস্তাবিত বাজেট ছিল ৭৪,৮৩,২৪,০০০/- (চুয়াত্তর কোটি তিরাশি লক্ষ চব্বিশ হাজার) টাকা মাত্র। সংশোধিত হয়ে তা হয়েছে ৪৯,৯০,৫৯,০০০/- (উনপঞ্চাশ কোটি নব্বই লক্ষ উনষাট হাজার) টাকা মাত্র।

উল্লেখ্য যে, ২০২৩-২০২৪ ইং অর্থ বছরে প্রস্তাবিত বাজেটের আয়ের মধ্যে পৌরবাসীর উপর নতুন কোন কর আরোপ করা হয় নাই।

পরিশেষে আমরা সবাই একযোগে কাজ করে যাওয়ার ব্রত নিয়ে মহান আল্লাহ তায়ালার নিকট আমাদের ভবিষ্যৎ কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্য মাত্রায় পৌছানোর প্রার্থনা জানিয়ে আজকের এ বাজেট ঘোষণা সভায় যারা কষ্ট করে উপস্থিত হয়েছেন আমি আপনাদেরকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

আল্লাহ হাফেজ,

(আলহাজ্ব মোঃ হাবিবুর রহমান মালেক)

মেয়র

পিরোজপুর পৌরসভা,

পিরোজপুর।